

২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক পর্যালোচনা সভা

আজ বেলা ১২.০০ টায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত (এডিবি) প্রকল্পসমূহের জুলাই, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি মাসিক পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এডিপি'র মাসিক পর্যালোচনা সভায় ২০১৭-১৮ অর্থ বছরের বর্তমান চিত্র তুলে ধরা হয়। উল্লেখ্য, বর্তমানে ৮টি প্রকল্প যার মধ্যে কারিগরি সহায়তায় ২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে এবং ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দের পরিমাণ ৩৯৪২৪.০০ লাখ টাকা।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেন, প্রকল্পের সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। কেননা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হবে না। তিনি আরও বলেন, মন্ত্রণালয়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলের নিয়মিত মাঠ পর্যায়ের প্রকল্প পরিদর্শন করে কাজের অগ্রগতি অব্যাহত রাখতে হবে। এছাড়াও তিনি আগামী ১০ তারিখের মধ্যে প্রকল্পসমূহের আগামী ১ বছরের কর্মপরিকল্পনা (এ্যাকশন প্লান) তৈরি করে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি এর সভাপতিত্বে পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশিক্ষণ) মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) নাসরিন জাহান এবং প্রকল্প সমূহের প্রকল্প পরিচালকগণসহ অন্যান্য সদস্যবৃন্দ।